রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, অক্টোবর ১, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ আশ্বিন ১৪৩২/২২ সেপ্টেম্বর ২০২৫

নং **০৩.০০.০০০০.০৮২.০২৮.০১৪.২০১৮-৭৩৪**—সরকারের সংস্কার কার্যক্রমের অংশ হিসেবে প্রধান উপদেষ্টার কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ)-এর ভিশন, মিশন, উদ্দেশ্য ও কর্মপরিধি নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো:

**ভিশন**

সুশাসন উন্নয়ন ও উদ্ভাবনের বিকাশ (Promoting Good Governance and Innovation)

**মিশন**

নীতি গবেষণা ও উদ্ভাবনী উপায়ে নাগরিক সেবার মানোন্নয়ন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং আর্থ-সামাজিক উন্নয়নে কৌশলগত পরামর্শ ও সহায়তা প্রদানের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা।

**উদ্দেশ্য**

১। **সুশাসন** : সুশাসন বিষয়ক কার্যক্রমের সমন্বয় সাধন এবং সুশাসনের মানোন্নয়নে কৌশলগত পরামর্শ ও সহায়তা প্রদান;

২। **উদ্ভাবন** : সুশাসন ও নাগরিক সেবার মানোন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে উদ্ভাবনকে উৎসাহিত করা;


**মূল্য :** টাকা ৪.০০

৩। **প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি :** প্রশিক্ষণ প্রতিষ্ঠানসহ সরকারি প্রতিষ্ঠানের কার্যক্রম মূল্যায়ন, পরিবীক্ষণ ও মানোন্নয়নে কৌশলগত সহায়তা প্রদান;

৪। **জনপ্রশাসনের সক্ষমতা বৃদ্ধি :** সুশাসন ও নাগরিক সেবার মানোন্নয়নে এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে দেশে-বিদেশে জনপ্রশাসনের কর্মকর্তাদের প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষার আয়োজন করা;

৫। **আর্থ-সামাজিক উন্নয়ন :** অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশ উন্নয়নে সরকারি প্রতিষ্ঠান-সমূহকে কৌশলগত সহায়তা প্রদান ;

৬। **গবেষণা :** সুশাসন ও নাগরিক সেবার মানোন্নয়ন, প্রাতিষ্ঠানিক ও কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি, টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন এবং জাতীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চাসমূহ চিহ্নিতকরণে এককভাবে অথবা দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয় ও গবেষণা/ পরামর্শক প্রতিষ্ঠান এবং জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থা/উন্নয়ন সহযোগী সংস্থা ও দেশের সাথে যৌথভাবে ও অংশীদারিত্বের ভিত্তিতে অথবা তৃতীয় পক্ষের মাধ্যমে গবেষণা/স্টাডি পরিচালনা, সুপারিশমালা তৈরি ও বাস্তবায়নে কৌশলগত সহায়তা প্রদান ;

৭। **জাতীয় ও আন্তর্জাতিক সহযোগিতা :** সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয় ও গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান এবং জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থা/উন্নয়ন সহযোগী সংস্থা ও দেশের সাথে উল্লিখিত কার্যক্রম সম্পাদনে অংশীদারত্বের সম্পর্ক তৈরি করা;

## কর্মপরিধি

১। সুশাসন বিষয়ক সংস্কার কার্যক্রমের সমন্বয় এবং সুশাসনের মানোন্নয়নে গবেষণা কার্যক্রম গ্রহণ, পরিচালনা, সুপারিশমালা তৈরি ও বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ/সরকারি প্রতিষ্ঠানকে কৌশলগত পরামর্শ ও সহায়তা প্রদান ;

২। সুশাসন উন্নয়নে সরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মদক্ষতা মূল্যায়ন কার্যক্রমে কৌশলগত সহায়তা প্রদান ;

৩। নাগরিক সেবার মানোন্নয়ন ও সেবা সহজীকরণে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ, সুপারিশমালা তৈরি ও বাস্তবায়নে কৌশলগত সহায়তা প্রদান ;

৪। আধুনিক প্রশাসন ব্যবস্থাপনা, নাগরিক সনদ এবং নাগরিক সেবা ব্যবস্থাপনার উন্নততর বিকাশ সংক্রান্ত চর্চা, গবেষণা এবং প্রকাশনা ;

৫। জনপ্রশাসনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়নে Competency framework প্রস্তুতকরণ, প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, কারিকুলাম ও প্রশিক্ষণ পদ্ধতির উন্নয়ন, প্রশিক্ষণ প্রদানে সক্ষম ফ্যাকাল্টি/রিসোর্স পুল তৈরি এবং প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতির উন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠানভিত্তিক সক্ষমতা বৃদ্ধিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ;

৫.১ উপর্যুক্ত বিষয়াদির উপযোগিতা, কার্যকারিতা ও কর্মক্ষেত্রে এর প্রভাব ইত্যাদি পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে সুপারিশমালা তৈরি ও বাস্তবায়নে কৌশলগত সহায়তা প্রদান ;

৫.২ সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে র‍্যাংকিং তৈরিতে কৌশলগত সহায়তা প্রদান ;

৬। একটি দক্ষ ও পেশাদার জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা আয়োজনের মাধ্যমে জনপ্রশাসনের সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;

৭। এসডিজি বাস্তবায়ন ও স্থানীয়করণে মন্ত্রণালয়/বিভাগ/মাঠপ্রশাসন-কে কৌশলগত সহায়তা প্রদান এবং জনসচেতনতা বৃদ্ধিসহ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন ;

৮। এসডিজিসহ অন্যান্য বৈশ্বিক ও জাতীয় পরিকল্পনা বাস্তবায়নে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানকে কৌশলগত সহায়তা প্রদান ;

৯। সরকারের বিভিন্ন অগ্রাধিকার কর্মসূচি চিহ্নিতকরণ এবং উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কৌশলগত পরামর্শ প্রদান ;

১০। প্রাতিষ্ঠানিক, আর্থ-সামাজিক ও পরিবেশগত সমস্যা সমাধানে কার্যক্রম গ্রহণ, সুপারিশমালা তৈরি ও বাস্তবায়নে কৌশলগত সহায়তা প্রদান ;

১১। অনগ্রসর ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য নীতি প্রণয়নসহ সরকারের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে নীতি প্রণয়নে মতামত/পরামর্শ প্রদান ;

১২। Evidence Based Policy প্রণয়নে কৌশলগত সহায়তা প্রদান, সরকারের বিদ্যমান নীতি পর্যালোচনাপূর্বক Policy Brief ও সুপারিশমালা প্রণয়ন এবং বাস্তবায়নে কৌশলগত সহায়তা প্রদান ;

১৩। উল্লিখিত কার্যক্রম সম্পাদনে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, দেশি-বেদেশি বিশ্ববিদ্যালয় ও গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান এবং জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সহযোগী সংস্থা ও দেশের সাথে অংশীদারত্বের সম্পর্ক স্থাপন ;

১৪। সুশাসন ও নাগরিক সেবার মানোন্নয়ন, প্রাতিষ্ঠানিক ও কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি, প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কার্যক্রম মূল্যায়ন, পরিবীক্ষণ ও মানোন্নয়ন, টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন এবং জাতীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চাসমূহ চিহ্নিতকরণে এককভাবে অথবা দেশি-বিদেশি বিশ্ববিদ্যালয় ও গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান এবং জাতিসংঘসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থা/উন্নয়ন সহযোগী সংস্থা ও দেশের সাথে যৌথভাবে অংশীদারিত্বের ভিত্তিতে অথবা তৃতীয় পক্ষের মাধ্যমে জরিপ ও গবেষণা/স্টাডি পরিচালনা, কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন ;

১৫। সরকারের নির্দেশনা অনুযায়ী যে কোনো কার্যক্রম গ্রহণ, বাস্তবায়নে কৌশলগত পরামর্শ ও সহায়তা প্রদান ;

১৬। সরকার প্রয়োজনে এই ইউনিটের দায়িত্ব ও কর্মপরিধি পুনর্বিন্যাস করতে পারবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী**
মহাপরিচালক (প্রশাসন)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd